

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আবগারি)

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১২৬-আইন/২০২৬/৩৩১-আবগারি।- সরকার, Excises and Salt Act, 1944 (Act No. 1 of 1944) এর section 12A (1) এ প্রদত্ত ক্ষমতাবলে, ২৮ মে, ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩৬-আইন/২০২৪/২৪২-আবগারি এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের-

- (ক) টেবিলের কলাম (1) এ উল্লিখিত Service Code: E032.00 এবং উহার বিপরীতে কলাম (2) এর ক্রমিক নং (a) ও (b) এ উল্লিখিত “Taka Three lakh” শব্দগুলির পরিবর্তে “Taka Four Lakh” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) অনুচ্ছেদ ১ এর শর্তাংশের প্রান্তস্থিত “।” চিহ্নের পরিবর্তে “:” প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:-

“আরো শর্ত থাকে যে, ইসলামি ব্যাংকিং ব্যবস্থায় একটি Loan অ্যাকাউন্টের বিপরীতে এক বা একাধিক Deal অ্যাকাউন্ট open বা create করা হইলে, সেই ক্ষেত্রে শুধুমাত্র মূল Loan অ্যাকাউন্টের বিপরীতে বৎসরে ১ (এক) বার আবগারি শুল্ক প্রযোজ্য হইবে।”।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

( মোঃ আবদুর রহমান খান এফসিএমএ )

সচিব